

অদ্য ইং-২৭/০২/২০২২ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শৈলকুপা,ঝিনাইদহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি (স্ট্যাভিং কমিটি) ফেব্রুয়ারী/২০২২ ইং মাসের (২৬ তম) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :-

অদ্য ইং-২৭/০২/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,শৈলকুপা,ঝিনাইদহের অফিস কক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি (স্ট্যাভিং কমিটি) ফেব্রুয়ারী/২০২২ ইং মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়।
উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোছাঃ নিলুফার ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা,ঝিনাইদহ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)


- ১। জনাব মোছাঃ নিলুফার ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা,ঝিনাইদহ।
- ২। জনাব ফিরোজ আহমেদ, চেয়ারম্যান, মির্জাপুর ইউনিয়ন, শৈলকুপা,ঝিনাইদহ।
- ৩। জনাব আওলাদ হোসেন, চেয়ারম্যান, ফুলহরি ইউনিয়ন, শৈলকুপা,ঝিনাইদহ।
- ৪। জনাব মোঃ ওয়ালিউর রহমান, উপজেলা পঃ পঃ কর্মকর্তা, শৈলকুপা,ঝিনাইদহ।
- ৫। জনাব ডাঃ মোঃ রাশেদ আল মামুন . উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শৈলকুপা,ঝিনাইদহ।

উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মাননীয় সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা গত সভার "কার্যবিবরণী" পাঠ করেন এবং কোন পরিবর্তন না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

(১) পুরাতন ভবন দ্বিতল বিশিষ্ট হাসপাতালটি অপসারণ করণ সম্পর্কে আলোচনাঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাকে জানান যে, সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ (নির্মাণ শাখা) মহোদয়ের স্বাক্ষরকনং- স্বাস্থ্য সেবা/নির্মাণ /IEC-5/০৮-৪৫১/১(১৫০) তারিখঃ-০৫/১২/২০১৭ ইং মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের (নির্মাণ শাখা) আওতাধীন পরিত্যক্ত/অব্যবহৃত/লে-স্কাউটে পতিত, পুরাতন/জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ ভাঙা, অপসারণ করার নিমিত্তে " উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শৈলকুপা,ঝিনাইদহের পুরাতন ভবন দ্বিতল বিশিষ্ট হাসপাতালটি অপসারণ করিবেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়টি উদ্বর্তন কর্তৃপক্ষের গোচরীভূত করাসহ অযোগ্য ঘোষনাকরণ কমিটির মাধ্যমে ব্যবস্থা নেওয়ার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহীত হয়।

(২) হাসপাতালে সরকার কর্তৃক রাজস্ব আয় সংক্রান্ত :- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় হাসপাতালের এক্স-রে, প্যাথলোজি ও এ্যাম্বুলেন্স বিভাগের রাজস্ব আয় সম্পর্কে সভাকে জানান। বিশদ আলোচনার পর স্থানীয় ব্যবস্থাপনায় সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় মাননীয় সভাপতি মহোদয় উপস্থিত সকলের দীর্ঘায়ু ও সু-স্বাস্থ্য কামনা করিয়া সভার সমাপ্তি ঘোষনা করেন।



(মোছাঃ নিলুফার ইয়াসমিন)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি (স্ট্যাভিং কমিটির)

শৈলকুপা,ঝিনাইদহ।

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

শৈলকুপা,ঝিনাইদহ।

স্মারক নং- উপঃস্বঃকমঃশৈল/ঝি/২০২২/২৪৯/১৫

তারিখঃ- ২৮/০২/২০২২ ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ২। পরিচালক, (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩। পরিচালক (স্বাস্থ্য) খুলনা বিভাগ, খুলনা।
- ৪। সিভিল সার্জন, ঝিনাইদহ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৮। জনাব/জনাবা.....সদস্য/সদস্যা, স্ট্যাভিং কমিটির (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি), শৈলকুপা, ঝিনাইদহ।

(ডাঃ মোঃ রাশেদ আল মামুন)


সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

শৈলকুপা,ঝিনাইদহ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।
ই-মেইল-shaikupa @uhfpo.dghs.gov.bd

স্মারক নং -উপঃস্বাঃ ক/শৈ/ঝি/২২/১৯৭

তারিখ :- ২৪/০২/২০২২ ইং।

আগামী ইং -২৭/০২/২০২২ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শৈলকুপা,ঝিনাইদহে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার অফিস কক্ষে “স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির” সভা অনুষ্ঠিত হইবে। উক্ত সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাবা মোছাঃ নিলুফার ইয়াসমিন, সভাপতি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকিবার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা যাইতেছে।

আলোচ্য বিষয় :-

- ১) গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
- ২) উপজেলা স্বাস্থ্য বিষয়ক আলোচনা
- ৩) বিবিধ।

(ডাঃ মোঃ রাশেদ আল মামুন)

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

শৈলকুপা,ঝিনাইদহ

শৈলকুপা

মেম্বৰী নং 29/02/22 তাৰিখ উপস্থাপন কৰা বৰায়েলী জোন কাম
 সিনাৰ্ছদেহৰ সন্ধান কৰাৰ (দল) ও পৰিষ্কাৰ কৰা কৰাৰ (কোমিটি) কেবুলী
 2022 (২৬তম) কৰ্ম উপস্থাপিত কৰাৰ সন্দৰ্ভত উপস্থাপিত
 বিৱৰণী :-

ক্রমিক নং	স্বাক্ষৰ ও পদ	কৰ্মস্থিতি পদ	উপস্থাপিত স্বাক্ষৰ
১)	শ্ৰী: নিলুকাৰী ইয়াসমিন মহিলা কাম কেবুলী, উপস্থাপিত	কৰ্মস্থিতি	
২)	শ্ৰী: অক্ষয় আৰু কেবুলী, ২ম মিজাৰ ই.পি.	কৰ্মস্থিতি	
৩)	শ্ৰী: অক্ষয় আৰু কেবুলী, ২ম মিজাৰ ই.পি.	কৰ্মস্থিতি	
৪)	শ্ৰী: উপস্থাপিত কৰ্মস্থিতি, উপস্থাপিত প; প; আৰু	কৰ্মস্থিতি	
৫)	শ্ৰী: শ্ৰী: বৰায়েলী জোন কাম উপস্থাপিত কৰ্মস্থিতি প; প; কৰ্মস্থিতি	কৰ্মস্থিতি	